জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
গাজীপুর

স্মারক নং- জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/২০১৪/২৩০৩ তারিখ ঃ ২০/১০/২০১৪

২০১৪ সালের বিএড কোর্স পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ সালের বিএড কোর্স পরীক্ষা নভেম্বর-২০১৪ অনুষ্ঠিত হবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচী যথাসময়ে ঘোষণা করা হবে। উক্ত পরীক্ষার যাবতীয় কার্যক্রম **অন-লাইনে** সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিএড পরীক্ষা বিষয়ক
ওয়েব সাইট ঃ www.nubd.info/bed
ই-মেইল ঃ bed@nubd.info

১। আবেদন ফরম, বিবরণী ফরম, ফরম পূরণ ও জমাদান এবং ব্যাংক ড্রাফট করার তারিখ ঃ

ক)	আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের সময়সীমা	২৭/১০/২০১৪ হতে ০৫/১১/২০১৪
খ)	আবেদনকারী পরীক্ষার্থীদের On-line-এ ডাটা এন্ট্রি করার শেষ তারিখঃ	০৬/১১/২০১৪
গ)	ব্যাংক ড্রাফট করার শেষ তারিখঃ	০৬/১১/২০১৪
ঘ)	প্রতি শিক্ষার্থী ৮০০/- (আটশত) টাকা বিলম্ব ফি জমাদান সাপেক্ষে আবেদন ফরম পূরণ ও ব্যাংক ড্রাফট করার সময়সীমাঃ	০৭/১১/২০১৪ হতে ১৩/১১/২০১৪
ঙ)	বিলম্ব ফি ছাড়া ও বিলম্ব ফিসহ সকল আবেদন ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের অন-লাইনে এন্ট্রিকৃত বিবরণী ফরম ও ব্যাংক ড্রাফট বিশ্ববিদ্যালয়ে জমাদানের শেষ তারিখঃ	১৬/১১/২০১৪
বিবরণী ফরমের তথ্য সঠিকভাবে On-line-এ ডাটা এন্ট্রি করার পর প্রিন্ট আউট কপি যাচাই করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল কপিটি বাঁধাই করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, বিএড (প্রফেশনাল) শাখা এর দপ্তরে **হাতে হাতে জমা দিতে হবে** (বিবরণী ফরমের ফটোকপি কলেজ সংরক্ষণ করবে)। **ডাকযোগে প্রেরিত বিবরণী ফরম ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না।**		

২। ২০১৪ সালের বিএড কোর্স পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ

১। পরীক্ষার ফি (পরীক্ষার্থী প্রতি)		২৮০০/-
২। অতিরিক্ত বিষয়ের জন্য		৩৫০/-
৩। এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষা ফি		১৩০০/-
৩। কেন্দ্র ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবেনা) **		৫০০/-
৪। নম্বরপত্র ফি	২০১৪ সালের পরীক্ষার্থী এবং যারা ২০১২ ও ২০১৩ সালে পরীক্ষায় ফরম পূরণ করেনি শুধুমাত্র তাদের জন্য প্রযোজ্য।	৩০০/-
৫। সাময়িক সনদপত্র ফি		৩০০/-

৩। পরীক্ষায় অংশ গ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) ২০১৪ সালের বিএড পরীক্ষায় অংশগ্রহণের জন্য ২০১২, ২০১৩ এবং ২০১৪ শিক্ষাবর্ষে যে সকল ছাত্র/ছাত্রীর নাম বিধিসম্মতভাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রেশন করা হয়েছে কেবলমাত্র সেইসব শিক্ষার্থীরা অংশ গ্রহণ করতে পারবে।

খ) যে সকল পরীক্ষার্থী ২০১৩ সালের বিএড পলীক্ষায় সকল বিষয় অংশ গ্রহণ করে এক বিষয়ে অকৃতকার্য হয়েছে, তারাই শুধুমাত্র ২০১৪ সালের পরীক্ষায় ংশ গ্রহণ করতে পারবে।

গ) ২০১৪ সালের বিএড পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রয়োজনীয় সংখ্যক প্রশ্নপত্রের তালিকা প্রতিবেদন (বিষয় ভিত্তিক) আবেদন ফরম জমা দেয়ার সময় অবশ্যই জমা দিতে হবে। বিষয় ভিত্তিক তালিকা প্রতিবেদন জমা না দেয়া হলে ভবিষ্যতে প্রশ্নপত্র ও উত্তরপত্রের সংখ্যার গড়মিল হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট কলেজকেই বহন করতে হবে।

৪। আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ফরম পূরণের আবেদন ফরম, সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List), On-line-এ ডাটা এন্ট্রি করার পর পরীক্ষার্থীদের বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ/প্রিন্ট করা যাবে।

৫। আবেদন ফরম, বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) ঃ

ক) সকল পরীক্ষার্থীকে ২০১২, ২০১৩ এবং ২০১৪ শিক্ষাবর্ষের জন্য বিধিসম্মতভাবে রেজিস্ট্রিকৃত হতে হবে।

খ) শিক্ষার্থীগণ আবেদন ফরম ও রেজিস্ট্রেশন বিবরণী সংশ্লিষ্ট কলেজ থেকে সংগ্রহ করার পর রেজিস্ট্রেশন কার্ড বিবরণী অনুযায়ী আবেদন ফরম স্ব-হস্তে পূরণ করে কলেজে জমা দিবে।

গ) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে পরীক্ষার্থী আবেদন ফরম সংগ্রহ/ডাউনলোড করে পরীক্ষার্থীর অংশে নৈবাচনিক ও অতিরিক্ত বিষয় কোড ফরম পূরণের পর কোন অবস্থাতেই বিষয় পরিবর্তন করা যাবে না। পরীক্ষার্থী স্ব-হস্তে পূরণ করে নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয় ভিত্তিক সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা (Probable List) এর সাথে যাচাই পূর্বক নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে।

ঘ) বিবরণী ফরম পূরণে ভুলের কারণে পরীক্ষার্থীর প্রবেশপত্রে ভুল হলে নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে পরীক্ষার পূর্বেই প্রবেশপত্র সংশোধন করে নিতে হবে। এক্ষেত্রে মূল প্রবেশপত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ড ও বিবরণীর ফটোকপি জমা দিতে হবে। কলেজ কর্তৃপক্ষ কোনক্রমেই প্রবেশপত্র সংশোধন করতে পারবেন না।

ঙ) রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

চ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

ছ) অনিয়মিত শিক্ষার্থীদের পূর্ববর্তী বছরের প্রবেশপত্র আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

। আবেদন ফরম পূরণ, বিবরণী ফরম পূরণ/পরীক্ষার্থীর ডাটা এন্ট্রির নিয়মাবলী (কলেজের জন্য)ঃ

ক) ২০১৪ সালের বিএড পরীক্ষায় অংশগ্রহণকারী সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা (Probable List) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে প্রিন্ট করে সে মোতাবেক ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

খ) আবেদন ফরমের সকল তথ্য (বিশেষ করে নৈবাচনিক বিষয় কোড ও অতিরিক্ত বিষয় কোড) পরীক্ষার্থী সঠিকভাবে পূরণ করেছে কি-না তা যাচাই করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

গ) **সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকায় (Probable List) নাম নাই এমন কোন পরীক্ষার্থীর আবেদন ফরম পূরণ করা যাবে না।** উল্লিখিত নিয়মে যদি এমন কোন বৈধ পরীক্ষার্থী থাকে সেক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রয়োজনীয় তথ্যাদিসহ যোগাযোগ করে ফরম পূরণের অনুমতি গ্রহণ করে ফরম পূরণের ব্যবস্থা নিতে হবে।

ঘ) On-line-এ ডাটা এন্ট্রি করার জন্য কলেজ কর্তৃপক্ষকে User ID and Password স্ব-স্ব কলেজ নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয় থেকে সংগ্রহ করবেন।

ঙ) ডাটা এন্ট্রি সম্পন্ন হলে On-line-এ এন্ট্রিকৃত পরীক্ষার্থীদের বিবরণী ও ফি বিবরণী প্রিন্ট করতে হবে।

চ) বিএড পরীক্ষা বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রীয়ভাবে On-line কার্যক্রম বন্ধ হয়ে যাবে। বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

ছ) পূরণকৃত আবেদন ফরমের সকল প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর তা কলেজে সীল গালা অবস্থায় সংরক্ষিত থাকবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোন সময় তা যাচাইয়ের জন্য তলব করতে পারবে।

জ) ডাটা এন্ট্রি সংক্রান্ত কাজে টেকনিক্যাল সাপোর্ট নিতে ০১৯৬৬৮৯৪৭০২-৭০৩ ও ই-মেইলে (bed@nubd.info) যোগাযোগ করা যেতে পারে।

৭। বিবরণী ফরম ও ফি জমাদানের নিয়মাবলীঃ

ক) বিবরণী ফরমের তথ্য সঠিকভাবে On-line-এ ডাটা এন্ট্রি করার পর প্রিন্ট আউট কপি যাচাই করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল কপিটি বাঁধাই করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, বিএড (প্রফেশনাল) শাখা এর দপ্তরে **হাতে হাতে জমা দিতে হবে** (বিবরণী ফরমের ফটোকপি কলেজ সংরক্ষণ করবে)। **ডাকযোগে প্রেরিত বিবরণী ফরম ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না।**

খ) সকল প্রকার ফি-এর ব্যাংক ড্রাফট **"রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়" গাজীপুর**-এর অনুকূলে করতে হবে এবং "সোনালী ব্যাংক জাতীয় বিশ্ববিদ্যালয় শাখায় প্রদেয়" কথাটি উল্লেখ করতে হবে। ব্যাংক ড্রাফট জমাদানের পূর্বে ড্রাফটের অপর পৃষ্ঠায় অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক সীল মোহরসহ স্বাক্ষর করতে হবে।

গ) কলেজের সকল শিক্ষার্থীর জন্য একই ব্যাংক ড্রাফটে ফি জমা দিতে হবে। বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত চালান ফরমে ব্যাংক ড্রাফটের বিবরণ লিখে অর্থ ও হিসাব শাখায় জমা দিতে হবে।

ঘ) ০১ (এক) কপি ফি বিবরণী ফরম (অর্থ ও হিসাব শাখায় জমাকৃত চালানের ফটোকপিসহ) সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।

৮। প্রশ্নপত্রের চাহিদা ঃ

ক) বিষয়ওয়ারী প্রশ্নপত্রের চাহিদা উল্লেখপূর্বক "প্রশ্নপত্রের চাহিদা বিবরণী" যথাযথভাবে পূরণ করে অবশ্যই জমা দিতে হবে। **চাহিদা পত্রে ভুল তথ্য প্রদানের ফলে প্রশ্নপত্রের ঘাটতি হলে তার দায়-দায়িত্ব বিশ্ববিদ্যালয় বহন করবে না।**

৯। রেগুলেশন ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেগুলেশন অনুযায়ী এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১০। কলেজ অধিভুক্তি ঃ

ফি জমাদানের সময় অবশ্যই কলেজ অধিভুক্তি/অধিভুক্তি নবায়নের চিঠি সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবো।

১১। পরীক্ষার সময়সূচী ও কেন্দ্র তালিকা ঃ

পরীক্ষার বিস্তারিত সময়সূচী ও কেন্দ্র তালিকা যথাসময়ে ঘোষণা করা হবে।

১২। কেন্দ্র ফি হিসেবে আদায়কৃত মোট অর্থের ৪০% পরিমান নিজ কলেজের পরীক্ষা সংক্রান্ত খরচের জন্য রেখে অবশিষ্ট ৬০% নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরীক্ষা অনুষ্ঠানের ০৩ (তিন) দিন পূর্বেই জমা দিতে হবে।

বিদ্রঃ ১। কলেজ রেকর্ড পরীক্ষার নম্বর আবেদন ফরম পূরনের কার্যক্রম সম্পন্নের পর On-line-এ এ্যান্ট্রি করে প্রিন্টকৃত কপি অধ্যক্ষের স্বাক্ষরসহ ৩০/১১/২০১৪ তারিখের মধ্যে সংশ্লিষ্ট দপ্তরে জমা দিতে হবে। নম্বর এন্ট্রির On-line কার্যক্রম যথাসময়ে চালু করা হবে।

২। পরীক্ষার্থীদের প্রবেশপত্র ওয়েব-সাইটে থেকে ডাইন লোড করে নিতে হবে।

20/10/14
(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন : ৯২৯১০১৭ (অফিস)

স্মারক নং- জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/২০১৪/২৩০৩

তারিখ ২০/১০/২০১৪.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো ঃ

১। ডীন, স্নাতকোত্তর শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। পরিচালক, আই সি টি ও কম্পিউটার ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিএড পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ
৭। অফিস কপি।

(মোঃ আবু হোরায়েরা)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন : ৯২৯১০৪২ (অফিস)
মোবাইল : ০১৯২২৬১৬০৮৭